

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

**বাংলাদেশ টেলিভিশনে ২০১৮-২০১৯ অর্থ বছরে
গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ পাইলটিং এর তালিকা**

০১। বিটিভির মোবাইল অ্যাপ চালু:

বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমূহ দর্শকদের কাছে সহজে পৌঁছে দিতে মোবাইল অ্যাপ চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অ্যাপটি চালুর প্রেক্ষিতে বিটিভির দর্শকগণ তাঁদের নিজস্ব মোবাইলের মাধ্যমে বিটিভির অনুষ্ঠান/খেলাধুলা সহজে উপভোগ করতে পারবেন। ১৪.০৬.২০১৮ তারিখে অ্যাপটি পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। গুগল অ্যাপে আপলোড করা হয়েছে। অচীরেই পূর্ণাঙ্গভাবে চালু করা হবে।

০২। সংবাদের থিমेटিক ব্রাকগ্রাউন্ড:

বর্তমান প্রেক্ষাপটের সাথে তাল মিলিয়ে বিটিভির সংবাদ আকর্ষণীয় ও দৃষ্টিগ্রাহ্য করতে থিমेटিক ব্রাকগ্রাউন্ডের মাধ্যমে সংবাদ প্রচারের উদ্যোগ নেয়া হয়েছে। বর্তমানে বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ডে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কৃষি ও কৃষি অর্থনীতিসহ জীবন ও জীবিকার সাথে সম্পর্কিত বিষয় এবং সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের উপর ভিত্তি করে নিয়মিতভাবে সংবাদ প্রচার করে আসছে। যখন যে বিষয়ের সংবাদ সম্প্রচারিত হয় তখন ব্রাকগ্রাউন্ড স্ক্রিনে সে বিষয়ের আবহচিত্র ফুটে উঠে ফলে সংবাদটি দর্শকদের হৃদয়ঙ্গম করতে ও বুঝতে সহজ হচ্ছে। এতে বিটিভির দর্শক প্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ০১.০৮.২০১৮ তারিখ হতে শুধুমাত্র ঢাকা কেন্দ্র হতে প্রচারিত সংবাদ থিমेटিক ব্রাকগ্রাউন্ড এর মাধ্যমে প্রচার করা হচ্ছে। অচীরেই চট্টগ্রাম কেন্দ্রের সংবাদও থিমेटিক ব্রাকগ্রাউন্ড এর মাধ্যমে প্রচারের কার্যক্রম গ্রহণ করা হবে।

০৩। স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালু:

বাংলাদেশ টেলিভিশনে স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিটিভির কেন্দ্র/উপকেন্দ্রের স্টোরে প্রয়োজনীয় কোন যন্ত্রাংশ বা দ্রব্য মালামাল মজুদ আছে কিনা তা জানার জন্য হার্ড কপি মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হতো। এক্ষেত্রে জরুরি প্রয়োজনে স্টোরের মালামাল সম্পর্কে তাৎক্ষণিকভাবে অবহিত হওয়া সম্ভব হতোনা এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সংস্থাপন/সংযোজন করা যেতনা। স্টোর ম্যানেজমেন্ট ডাটাবেজ সফটওয়্যার চালু করা হলে অনলাইনে পর্যবেক্ষণ করত: প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান দ্রুততার সাথে নিশ্চিত করা সম্ভব হবে।

৪। অনলাইনে শিল্পী সম্মানী প্রদান:


বিটিভির বিদ্যমান সেবাসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার চালুর উদ্যোগ নেয়া হয়েছে। অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার চালু হলে তালিকাভুক্ত শিল্পীদের সেবা প্রদানে অনলাইন আর্টিস্ট পেমেন্ট সফটওয়্যার সাহায্যে শিল্পীদের সময় ও বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান বৃদ্ধি করবে। এপ্রেক্ষিতে অনলাইন আর্টিস্ট ম্যানেজমেন্ট সিস্টেম চালুর লক্ষ্যে সফল প্রস্তাব প্রদানকারী প্রতিষ্ঠান ফ্লোরা লিমিটেড এর সাথে ৩১.০৮.২০১৭ তারিখে বিটিভির চুক্তি স্বাক্ষরিত হয়। অনলাইন সেবা চালুর আওতায় অনলাইন আর্টিস্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারে কাজ চূড়ান্ত তবে অর্থ মন্ত্রণালয়ের ইএফটি এর অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে চালু করা হবে।

০৫। অনলাইন গেট পাস চালু:

বাংলাদেশ টেলিভিশনের বর্তমান ম্যানুয়াল গেট পাস সিস্টেমকে আরো উন্নত ও যুগোপযোগী করার লক্ষ্যে অনলাইন গেট পাস ইস্যুইং সিস্টেম চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এপ্রেক্ষিতে ইলেকট্রনিক গেট পাস চালুর লক্ষ্যে সফল প্রস্তাব প্রদানকারী প্রতিষ্ঠান ফ্লোরা লিমিটেড এর সঙ্গে ৩১.০৮.২০১৭ তারিখের চুক্তি স্বাক্ষরিত হয় এবং জুলাই ২০১৮ তারিখে পরীক্ষামূলক করা হয়েছে। পর্যায়ক্রমে অনলাইন গেট পাসের হার বৃদ্ধি করত: ৫০% উন্নীত করা হবে। ইলেকট্রনিক গেট পাস সিস্টেম চালু করায় আগত অতথি, শিল্পী/কলাকুশলী এবং মালামাল পরিবহনের ক্ষেত্রে বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান ও কাজের গতি বৃদ্ধি পেয়েছে।






এস.এম. হারুন-অর-রশীদ
মহাপরিচালক
বাংলাদেশ টেলিভিশন